# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**19 MAY 2025** **7:45—7:55 PM IST**

==============================================================

১) রাজস্ব সংগ্রহের ব্যবস্থা সূচল করার জন্য কর বিভাগের পাক্ষিক বৈঠক অনুষ্ঠিত করতে মুখ্যমন্ত্রীর পরামর্শ ।

২) আসাম সহ উত্তর-পূর্বাঞ্চলের যুব সম্প্রদায়কে নৌ পরিবহণ এবং নৌ ব্যবসার প্রয়োজনীয় কৌশল শিক্ষার জন্য কেন্দ্রীয় সরকারের ব্যবস্থা ।

৩) ভাষা আন্দোলনে প্রাণ আহুতি দেওয়া ১১ শহিদের স্মৃতিতে সমগ্র বরাক উপত্যকায় আজ ভাষা শহিদ দিবস পালন ।

এবং

৪) দেরগাওয়ের লাচিত বরফুন পুলিশ একাডেমীতে আগামীকাল পুলিশ সুপারদের একটি সম্মিলনের আয়োজন ।

---------------------------------------------------------------------------------------

মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা আজ কর ভবণে অর্থমন্ত্রী অজন্তা নেওগের উপস্থিতিতে কর সংগ্রহের বিভিন্ন বিষয় সম্পর্কে একটি পর্যালোচনা বৈঠকে পৌরহিত করেন । মুখ্যমন্ত্রী রাজ্যে সমন্বিত পণ্য ও সেবা কর ( আই জি এস টি ) সংগ্রহের বর্তমান পরিস্থিতির পর্যালোচনা করেন । তিনি আই জি এস টি সংগ্রহ বৃদ্ধি করতে প্রয়োজনীয় এবং সময়োপযোগী পদক্ষেপ গ্রহণ করতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নির্দেশ দেন । তিনি একই সঙ্গে কর সংগ্রেহের ক্ষেত্রে থাকা সমস্যাগুলি চিহ্নীত করে রাজস্ব সংগ্রহের সমগ্র ব্যবস্থাটিকে সুচল করে তোলার বিষয়টি নিশ্চিত করতে পর্যায়ক্রমে পাক্ষিক বৈঠক অনুষ্ঠিত করতে রাজ্যের মুখ্য সচিব ডক্টর রবি কোটাকে নির্দেশ প্রদান করেন ।

---------------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় বন্দর , জাহাজ পরিবহণ এবং জলপথ মন্ত্রী সর্বানন্দ সনোয়াল আসাম তথা উত্তর-পূর্বাঞ্চলের যুব সম্প্রদায়কে জল পরিবহণ ক্ষেত্রের কৌশল আহরণ করার আহ্বান জানিয়েছেন । আজ গৌহাটিতে বন্দর এবং নদী পরিবহণ ক্ষেত্রের কাজ-কর্মের একটি পর্যালোচনা সভায় অংশ গ্রহণ করে শ্রী সনোয়াল বলেন যে গৌহাটিতে ব্রম্মপুত্রের পারে একটি লাইট হাউস নির্মান করা হবে এবং উত্তর-পূর্বাঞ্চলের ছাত্র-ছাত্রীদের নৌ-পরিবহণ এবং নৌ-ব্যবসার ক্ষেত্রে সহায়ক হওয়ার জন্য সরকার প্রয়োজনীয় সব পদক্ষেপ গ্রহণ করবে ।

---------------------------------------------------------------------------------------------

বরাক উপত্যকার তিন জেলায় আজ যথাযোগ্য মর্যাদায় একাদশ ভাষা শহীদদের স্মরণ করা হয় ।শিলচরেও আজ শ্রদ্ধা ও আবেগে ভাষার অধিকার বাঁচিয়ে রাখার বার্তা দিয়ে ভাষা শহীদদের স্মরণ করা হয় । ১৯৬১ সালের ১৯ শে মে'তে বাংলা ভাষার অধিকার রক্ষার দাবীতে ১১ জন  প্রাণ আহুতি দিয়েছিলেন ।এই একাদশ ভাষা শহীদদের স্মরণে আজ সকাল সাড়ে ৬ টায় শিলচর রেলষ্টেশনের শহীদবেদীতে , সকাল ৮ টায় শ্মশানঘাটে এবং দুপুর আড়াইটেয় গান্ধীবাগের শহীদ স্মৃতিসৌধে স্কুল কলেজের ছাত্রছাত্রী , বিভিন্ন সংস্থা , স্বেচ্ছাসেবী সংগঠন , সমাজের বিভিন্ন স্তরের মানুষ শ্রদ্ধাঞ্জলি অর্পন করেন । আজ সকাল থেকেই বিভিন্ন স্কুল কলেজের ছাত্রছাত্রী , সংস্থা সংগঠনের সদস্যরা শোভাযাত্রা করে শ্মশানঘাটে পৌছয় এবং সেখানে সঙ্গীত , কবিতা ও 'অমর উনিশ' স্লোগানে চারদিক মুখরিত করে তোলে ।প্লে স্কুলের শিশুরা , সেন্ট থমাস স্কুলের ছাত্রছাত্রীরা হাতে বিভিন্ন ভাষার বর্ণমালা তুলে ধরে । আরিয়ান সিনিয়র সেকেন্ডারি স্কুলের ছাত্রছাত্রীরা তাদের হাতে আঁকা চিত্রে ভাষার জন্য লড়াইয়ের ইতিহাস তুলে ধরে । এদিকে দুপুরে গান্ধীবাগের স্মৃতিসৌধে শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন করে জেলা বার অ্যাসোসিয়েশন , জেলা ক্রীড়া সংস্থা , মাতৃভাষা সুরক্ষা সমিতি ,জেলা কর্মচারী সংঘ , শিলচর প্রেস ক্লাব , বরাক বঙ্গ , নন্দিনী সাহিত্য চর্চা কেন্দ্র ,পূবালি , কালচারেল ইউনিট , রূপম সামাজিক ও সাংস্কৃতিক সংস্থা সহ বিভিন্ন সংস্থা সংগঠন ,স্কুল কলেজ ও মাদ্রাসার ছাত্রছাত্রীরা ।বরাক আর্ট এন্ড ক্রাফট সোসাইটির উদ্যোগে একটি চিত্র প্রদর্শনীর আয়োজন করা হয় ।এছাড়া ভারত কণ্ঠ দেবজিৎ সাহা ও অন্যান্য শিল্পীরা সঙ্গীত পরিবেশন করেন  । পশ্চিমবঙ্গের শিলিগুড়ি ও ত্রিপুরার শান্তিরবাজার থেকে আন্তর্জাতিক বাংলা ভাষা সংস্কৃতি সমিতির সদস্যরাও আজ শিলচরে ভাষা শহীদদের শ্রদ্ধা জ্ঞাপন করেন ।

বরাক উপত্যকা উন্নয়ন দপ্তরের মন্ত্রী কৌশিক রাই আজ শিলচর শ্মাশানঘাটে ভাষা শহিদদের প্রতি শ্রদ্ধা জানিয়ে এই দিনটির গুরুত্ব তুলে ধরে বলেন ------

বাইট

রাজ্য সভার তৃণমূল কংগ্রেসের সাংসদ সুস্মিতা দেব বলেন যারা নিজের প্রাণ দিয়ে বাংলা ভাষাকে রক্ষা করেছেন তাঁরা চিরস্মরণীয় । বিধায়ক দিপায়ন চক্রবর্তী আগামী প্রজন্ম যাতে ভাষা শহীদদের আত্মত্যাগ ভুলে না যায় সেই চেতনা গড়ে তুলতে হবে বলে জানান ।

সৎসঙ্গ আশ্রমরোড - তপোবন নগর ঐক্যমঞ্চের উদ্যোগে আজ উনিশের পদচারণার আয়োজন করা হয় । সারা আসাম কলেজ কর্মচারী সংস্থা , এভারগ্রীণ ক্লাব ,কাটিগড়া ডেভেলপমেন্ট কমিটি , তারাপুর পায়োনিয়ার ক্লাব , কৃষ্টিবিবেক ক্লাবের পক্ষ থেকে আজ ভাষা শহীদদের শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন করা হয় ।

------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলায়ও আজ যথাযোগ্য মর্যাদায় একাদশ শহীদ দের শ্রদ্ধা জ্ঞাপন করা হয় ।বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলনের হাইলাকান্দি আঞ্চলিক কমিটির পক্ষ থেকে মাতৃভাষার মর্যাদা রক্ষার দাবীতে এক শোভাযাত্রা বের করা হয় পরে একাদশ ভাষা শহীদ স্মারকস্থলে এক আলোচনা চক্রের আয়োজন করা হয় ।এছাড়া বিভিন্ন সংস্থা সংগঠন , স্কুল কলেজেও আজ ভাষা শহীদদের শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন করা হয় ।

------------------------------------------------------------------------------------

এদিকে শ্রীভূমি জেলায়ও আজ যথাযোগ্য মর্য্যাদায় ভাষা শহীদ দিবস পালন করা হয়েছে । বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলনের শ্রীভূমি শহর আঞ্চলিক সমিতি সহ বিভিন্ন বিদ্যালয়ের ছাত্র-ছাত্রী , রাজনৈতিক ও সামাজিক-সাংস্কৃতিক সংস্থার পক্ষ থেকে আজ শম্ভু সাগর উদ্যোনে জাতীয় শহীদ স্মারকে শহীদদের প্রতি শ্রদ্ধা জানানো হয়েছে । এছাড়া ভাষা শহীদ বীরেন্দ্র সূত্রধরের কন্যা মধুমিতা সূত্রধরের হাত ধরে স্পোর্টিং ইউনিয়ন ক্লাবের উদ্যোগে ভাষা শহীদ স্মারক উন্মোচন করা হয় । অনুষ্ঠানে সাংসদ মিশন রঞ্জন দাস , বিধায়ক কমলাক্ষ্য দে পুরকায়স্থ , ভাষা আন্দোলনের সৈনিক সতু রায় প্রমূখ উপস্থিত ছিলেন । বিধায়ক কমলাক্ষ দে পুরকায়স্থ বলেন, বাইট--

------------------------------------------------------------------------------------

বন বিভাগের জমি অবৈধভাবে কোন ব্যাক্তি অথবা প্রতিষ্ঠানকে বন্টন করা সম্পর্কে তদন্তের জন্য উচ্চতম ন্যায়ালয় বিশেষ তদন্তকারী গোষ্ঠী এস আই টি গঠন করতে

রাজ্যেগুলির মুখ্য সচিব এবং কেন্দ্রীয় শাসিত অঞ্চলগুলির প্রশাসনকে নির্দেশ দিয়েছে । উচ্চতম ন্যায়ালয়ের প্রধান বিচারপতি বি আর গাওয়াই , বিচারপতি আগষ্টাইন জর্জ মসি এবং বিচারপতি কে বিনোদ চন্দ্রের তিন সদস্য বিশিষ্ট ডিভিশন কমিটির এক নির্দেশনায় উল্লেখ করা হয়েছে যে অবৈধবাবে কোন বন বিভাগের জমি যদি বন্টন করা হয়ে থাকে তবে রাজ্য সরকারগুলিকে সেই জমি উদ্ধার করে বন বিভাগকে সমঝে দিতে হবে । যদি জনস্বার্থে সেই জমি উদ্ধার করা সম্ভব না হয় তবে সংশ্লিষ্ট ব্যাক্তি এবং প্রতিষ্ঠান থেকে জমির মূল্য আদায় করে সেই অর্থ ওই বনাঞ্চলের জন্য ব্যবহার করতে হবে বলে নির্দেশনামায় উল্লেখ করা হয়েছে । উচ্চতম ন্যায়ালয় অবৈধভাবে বন্টন করা জমির আগামী এক বছরের মধ্যে হস্তান্তর প্রক্রিয়া নিশ্চিত করতে রাজ্যগুলিকে বিশেষ দল গঠন করার নির্দেশ দিয়ে বলেছে যে উদ্ধার করা জমি একমাত্র বনানিকরণের জন্যই ব্যবহার করা যাবে ।

-----------------------------------------------------------------------------------------

দেরগাওয়ের লাচিত বরফুন পুলিশ একাডেমীতে আগামীকাল পুলিশ সুপারদের একটি সম্মিলনের আয়োজন করা হয়েছে । এই সম্মিলনের জন্য ইতিমধ্যেই সব প্রস্তুতি সম্পন্ন করা হয়েছে । মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা এই অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে অংশ গ্রহণ করবেন । উল্লেখ্য যে মুখ্যমন্ত্রী হিসেবে দায়িত্বভার গ্রহণ করার পরই ডক্টর শর্মা প্রতি ৬ মাসে আসাম পুলিশ সুপারদের সম্মিলন অনুষ্ঠিত করার কথা ঘোষণা করেছিলেন । মুখ্যমন্ত্রী রাজ্যে আইনের শাসন সুনিশ্চিত করার জন্য পুলিশ সুপারদের লক্ষ্য নির্ধারণ করে দিয়েছিলেন । আগামীকাল এই সম্মিলনে মুখ্যমন্ত্রী ডক্টর শর্মার বিভিন্ন জেলার পুলিশ সুপারদের কাছ থেকে বিগত সময়ের কাজ-কর্ম এবং আইন-শৃঙ্খলা পরিস্থিতি সম্পর্কে বিস্তারিত তথ্য গ্রহণ করার সম্ভাবনা রয়েছে ।

-----------------------------------------------------------------------------------------

আসাম পুলিশ দেশবিরোধী মন্তব্য করা লোকেদের বিরুদ্ধে অভিযান চালিয়ে এ পর্যন্ত বিভিন্ন জেলা থেকে ৭১ জনকে গ্রেপ্তার করেছে । সম্প্রতি দেশ বিরোধী মন্তব্য করার অভিযোগে শ্রীভূমি জেল থেকে ২ জনকে , কোকরাঝার থেকে ১ জনকে গোয়ালপারা থেকে ১ জনকে এবং মানকাচার থেকে ১ জনকে গ্রেপ্তার করা হয়েছে ।

মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা সামাজিক মাধ্যমযোগে এ তথ্য জানিয়ে আসাম পুলিশ এই অভিযান পরবর্তী সময়েও অব্যাহত রাখবে বলে উল্লেখ করেন ।

-----------------------------------------------------------------------------------------

আসাম সরকারের পূর্বে অনুষ্ঠিত তৃতীয় এবং চতুর্থ শ্রেনীর পদের লিখিত পরীক্ষার ফলাফলের পর এই পদগুলিতে নিযুক্তির জন্য ব্যবহারিক এবং মৌখিক পরীক্ষা আগামী

১৫ জুন থেকে আরম্ভ হবে । মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা সামাজিক মাধ্যমে গতকাল এ কথা জানিয়েছেন । পরীক্ষার সম্পূর্ণ প্রক্রীয়া এক মাসের মধ্যে সম্পন্ন করা হবে বলেও তিনি জানিয়েছেন । ডক্টর শর্মা আরো জানিয়েছেন যে তৃতীয় শ্রেনীর পদে অর্ন্তভুক্ত চালক , ষ্টেনগ্রাফার এবং ইলেক্ট্রিসিয়ানদের ব্যবহারিক পরীক্ষা গ্রহণ করা সহ চতুর্থ শ্রেনীর পদের লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক এবং ব্যবহারিক পরীক্ষা একই দিনে অনুষ্ঠিত হবে । এর জন্য সরকার প্রার্থীদের আনুষ্ঠানিক সব তথ্য অবগত করবে ।

---------------------------------------------------------------------------------